



বিজ্ঞানমনস্ক জাতি গঠনে প্রতিশ্রুতিবদ্ধ  
জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর  
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়  
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭  
Website: [www.nmst.gov.bd](http://www.nmst.gov.bd)



নং- ৩৯.৪০৩.০৩১.০০.০০.১৫৩.২০১৭- ২৬৯

তারিখঃ ২৭/৯/২০২১ খ্রিস্টাব্দ

২য় কারণ দর্শানোর নোটিশ

যেহেতু, আপনি জনাব মোঃ শাহিন, গ্যালারি এটেনডেন্ট পদে গত ২২/১/২০১৭ খ্রিঃ তারিখ থেকে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরে কর্মরত আছেন;

যেহেতু, এ সংস্থার উর্ধ্বতন আর্টিস্ট জনাব সৌমিত্র কুমার বিশ্বাস আপনার বিরুদ্ধে অসদাচরণের অভিযোগ এনেছেন;

যেহেতু, বর্ণিত অভিযোগের প্রেক্ষিতে সংস্থার উপপরিচালক জনাব এ.জে.এম. সালাহুদ্দিন নাগরী'কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন অনুযায়ী আপনার বিরুদ্ধে দুর্ব্যবহার এবং অসৌজন্যমূলক আচরণের অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত দেয়া হয়;

যেহেতু, আপনি মানসিক হয়রানি ও অফিসিয়াল অপপ্রচার প্রসঙ্গে সংস্থার সাবেক ওয়ার্কশপ এটেনডেন্ট (আউটসোর্সিং) জনাব আকলিমা খাতুনের বিরুদ্ধে লিখিত অভিযোগ দাখিল করেন;

যেহেতু, আপনার লিখিত অভিযোগের প্রেক্ষিতে সংস্থার সিনিয়র কিউরেটর (উপসচিব) জনাব এ. কে. এম. লুৎফুর রহমান সিদ্দীক'কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা ও সংস্থার সিনিয়র কিউরেটর (উপসচিব) জনাব এ. কে. এম. লুৎফুর রহমান সিদ্দীক কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন অনুযায়ী আপনি যে অভিযোগ দায়ের করেছেন, তা সঠিক নয় মর্মে মতামত দেয়া হয়েছে;

যেহেতু, বর্ণিতাবস্থায় আপনাকে ২০/৯/২০২১ তারিখের ৩৯.৪০৩.০৩১.০০.০০.১৫৩.২০১৭.২৩৭ নং স্মারকমূলে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, গত ২৩/৯/২০২১ খ্রিঃ তারিখে আপনি উক্ত কারণ দর্শানোর নোটিশের লিখিত জবাব দাখিল করেছেন;

যেহেতু, আপনার দাখিলকৃত জবাব সন্তোষজনক মর্মে বিবেচিত হয়নি;

যেহেতু, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১১ এর ধারা ৩৭ এর (খ) মোতাবেক আপনি অসদাচরণের দায়ে দোষী;

সেহেতু, আপনার বিরুদ্ধে কেন বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না, এ পত্র প্রাপ্তির ৭ (সাত) টি কার্যদিবসের মধ্যে তার লিখিত জবাব মহাপরিচালক মহোদয় বরাবর দাখিলের জন্য আপনাকে নির্দেশ দেয়া হলো। নির্ধারিত সময়ের মধ্যে আপনার কোন জবাব পাওয়া না গেলে বর্ণিত বিষয়ে আপনার কোন বক্তব্য নেই বলে ধরে নেয়া হবে। উল্লেখ্য, এ প্রেক্ষিতে আপনি ব্যক্তিগত শুনানী চান কিনা, এ সংক্রান্ত মতামতও উপস্থাপন করবেন।

(মোঃ হাবিবুর রহমান)  
পরিচালক (যুগ্মসচিব)

জনাব মোঃ শাহিন  
গ্যালারি এটেনডেন্ট  
জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর।

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে

১। সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি : জ্ঞাতার্থে ও কার্যার্থে-

- ১। সিনিয়র কিউরেটর, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, ঢাকা।
- ২। উপপরিচালক, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, ঢাকা।
- ৩। কিউরেটর (সকল), জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, ঢাকা।
- ৪। প্রধান ডিসপ্লে কর্মকর্তা, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, ঢাকা।
- ৫। সহকারী প্রোগ্রামার, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৭। অফিস নথি।